

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বিমান শাখা
www.mocat.gov.bd.

নং-৩০.০০.০০০০.০১৭.০৭.০০৪.১৪- ১৬৮

তারিখ: ১৩ মার্চ ২০১৮

প্রজ্ঞাপন

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর ৪র্থ পর্যায়ে ০২(দুই)টি ৭৮৭-৮ উড়োজাহাজ এর ডেলিভারি পেমেন্ট অর্থায়নের লক্ষ্যে “অনমনীয় ঋণ বিষয়ক স্থায়ী কমিটি”র (Standing Committee on Non-Concessional Loan) অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপনের পূর্বে দরদাতা প্রতিষ্ঠানের (HSBC) সাথে Negotiation করার লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	কমিটিতে পদবী
০১	অতিরিক্ত সচিব, এ মন্ত্রণালয়	আহ্বায়ক
০২	অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)	সদস্য
০৩	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)	সদস্য
০৪	বাংলাদেশ ব্যাংক এর প্রতিনিধি (বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ এর)	সদস্য
০৫	বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর প্রতিনিধি (দুই বা ততোধিক)	সদস্য

২। কার্যপরিধি:

(ক) কমিটি দরদাতা প্রতিষ্ঠানের (HSBC) সাথে Negotiation পূর্বক সুদের হার হ্রাস এবং শর্তাদি নমনীয় করার লক্ষ্যে সংশ্লিষ্টদের সাথে আলোচনা করবে;

(খ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড কমিটিকে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবে;

(গ) কমিটি প্রয়োজনে যে কোন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-১৩.০৩.২০১৮
(নিলুফার জেসমিন খান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪৩৫৩
E-mail: biman@mocat.gov.bd

নং-৩০.০০.০০০০.০১৭.০৭.০০৪.১৪-

তারিখ: ১৩ মার্চ ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, কুর্মিটোলা, ঢাকা।
৬. যুগ্ম-সচিব (বিমান), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
৭. সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৯. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
১০. অতিরিক্ত সচিব (বিমান ও সিএ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।


(নিলুফার জেসমিন খান)
সিনিয়র সহকারী সচিব